পরিশিষ্ট-গ

জাতীয় যুব পুরস্কার (আত্মকর্মী) নম্বর বন্টন পদ্ধতি (মোট নম্বর-৫০)

০১। মেয়াদ :

প্রকল্পের মেয়াদ প্রথম ৩ বছরের জন্য ৩ নম্বর এবং অতিরিক্ত প্রতি বছরের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ১০ নম্বর।

০২। বর্তমান মূলধন:

প্রকল্পে উৎপাদনে নিয়োজিত মূলধন প্রথম ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকার জন্য ১ নম্বর এবং পরবর্তীতে প্রতি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার জন্য ১ নম্বর, সর্বোচ্চ ০৬ নম্বর।

০৩। নিট মুনাফা:

বাৎসরিক ৩ লক্ষ টাকার জন্য ১ নম্বর এবং অতিরিক্ত প্রতি ১ লক্ষ টাকার জন্য ১ নম্বর, সর্বোচ্চ ১০ নম্বর ।
অটিস্টিক/বিশেষ চাহিদাসম্পন্ন ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠির জন্য বাৎসরিক ১.৫ লক্ষ টাকার জন্য ১ এবং অতিরিক্ত প্রতি ৫০ হাজার টাকার জন্য ১ নম্বর, সর্বোচ্চ ১০ নম্বর ।

০৪। জনবল (প্রকল্পে কর্মরত):

প্রথম ৪ জনের জন্য ১ নম্বর এবং পরবর্তী প্রতি ৩ জনের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৫ নম্বর।

০৫। সামাজিক কর্মকাণ্ডে ইতিবাচক অবদান (সুস্পষ্ট তথ্য ও প্রমাণাদিসহ) এক্ষেত্রে প্রতিটি কর্মকাণ্ডে অবদানের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৫ নম্বর।

০৬। জাতীয়/বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে যুব ও অন্যান্য কার্যক্রমে সরকার স্বীকৃত শ্রেষ্ঠ পুরস্কার:

জাতীয় পর্যায়ে প্রতিটির জন্য ৪ নম্বর, বিভাগীয় পর্যায়ে প্রতিটির জন্য ৩ নম্বর, জেলা পর্যায়ে প্রতিটির জন্য ২ ও উপজেলা পর্যায়ে প্রতিটির জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৮ নম্বর।

০৭। আত্মকর্মী/উদ্যোক্তা সৃষ্টিতে অবদান: ৫ জনের জন্য ১ নম্বর, পরবর্তী প্রতি ৩ জনের জন্য ১ নম্বর, সর্বোচ্চ ৬ নম্বর।
(দাবিকৃত কার্যক্রম ও তথ্যের অনুকূলে উপযুক্ত প্রমাণক দাখিল করতে হবে)

মোঃ আখতার হোসেন
সিনিয়র সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

